| | | | | |
|---|---|---|---|---|
| | | সভায় উপজেলা আইসিটি অফিসার জানান যে, সাইবার নিরাপত্তা ও দায়িত্বশীলতার সাথে ইন্টারনেট ব্যবহারে সচেতনতা বৃদ্ধির জন্য সারাবিশ্বের ন্যায় এই বছর বাংলাদেশে উদযাপিত হচ্ছে নিরাপদ ইন্টারনেট দিবস ২০২৬। নিরাপদ ইন্টারনেট দিবস পালনের অংশ হিসেবে জাতীয় সাইবার সুরক্ষা এজেন্সি (NCSA) সারাদেশে সচেতনতামূলক সেমিনার, কুইজ প্রতিযোগিতা, ব্রেইন টিজারসহ বিভিন্ন আয়োজনের উদ্যোগ গ্রহণ করেছে। নিরাপদ ইন্টারনেট দিবসের কুইজ ও ব্রেইন টিজার প্রতিযোগিতা আঞ্চলিক ও জাতীয় – এই দুই পর্যায়ে অনুষ্ঠিত হবে।<br>এছাড়া, কৃত্রিম বুদ্ধিমত্তা (AI) আর সাইবার নিরাপত্তার এই যুগে নিজের দক্ষতা প্রমাণ করার সুযোগ এনেছে ন্যাশনাল সাইবার সিকিউরিটি এজেন্সি (NCSA)। “Cybersecurity with AI for a Resilient Cyberspace” – এই স্লোগানকে সামনে রেখে আয়োজিত হচ্ছে বাংলাদেশ সাইবার নিরাপত্তা অলিম্পিয়াড (BCSO) ২০২৬। সাইবার নিরাপত্তা অলিম্পিয়াড ২০২৬ ও নিরাপদ ইন্টারনেট দিবস ২০২৬ আঞ্চলিক পর্যায়ের প্রতিযোগিতাটি অনুষ্ঠিত হবে আগামী ১৬ মে, ২০২৬ তারিখে, ময়মনসিংহ বিভাগের আঞ্চলিক কেন্দ্র জাতীয় কবি কাজী নজরুল ইসলাম বিশ্ববিদ্যালয়, ত্রিশাল,ময়মনসিংহ। দেশব্যাপী আয়োজিতব্য সাইবার নিরাপত্তা অলিম্পিয়াড ২০২৬ ও নিরাপদ ইন্টারনেট দিবস ২০২৬ এই প্রতিযোগিতাসমূহে শিক্ষাপ্রতিষ্ঠানের আগ্রহী ষষ্ঠ থেকে দ্বাদশ শ্রেণির শিক্ষার্থীদের অংশগ্রহণ করার জন্য রেজিস্ট্রেশনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য ভালুকা উপজেলার সকল শিক্ষাপ্রতিষ্ঠান প্রধান ও আইসিটি শিক্ষকগণকে অনুরোধ জানানো হয়েছে।<br>উল্লেখ্য, আগামী ০৬/০৫/২০২৬ তারিখ সাইবার নিরাপত্তা অলিম্পিয়াড ২০২৬ ও নিরাপদ ইন্টারনেট দিবস ২০২৬ এর এক্টিভেশন ক্যাম্পেইন প্রোগ্রাম শিক্ষাপ্রতিষ্ঠানের আগ্রহী ষষ্ঠ থেকে দ্বাদশ শ্রেণির শিক্ষার্থীদের অংশগ্রহণে গোয়ারী ভাওয়ালিয়াবাজু বালিকা উচ্চ বিদ্যালয়, ভালুকা,ময়মনসিংহ - এ অনুষ্ঠিত হবে।<br><br>**সাইবার অপরাধ সংক্রান্ত:**<br>সভাপতি মহোদয় থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা মহোদয়কে ভালুকা উপজেলায় কোন সাইবার অপরাধ সংঘটিত হলে উক্ত সাইবার অপরাধের জন্য কোন মামলা দায়ের হলে এবং কোন ব্যক্তি সাইবার অপরাধের শিকার হলে কমিটিকে অবহিত করার জন্য অনুরোধ করেন।<br><br>এছাড়াও, সভাপতি মহোদয় সামাজিক যোগাযোগ মাধ্যম ব্যবহার করে মিথ্যা, ভুয়া ও আপত্তিকর সংবাদ প্রচার করে মানহানিকর পোস্ট করা হলে এই মিথ্যা, ভুয়া ও আপত্তিকর সংবাদ প্রচারণের বিরুদ্ধে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের জন্য অনুরোধ করেন। | থানা | |

